# তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন — ২০২৫

## নবম শ্রেণি — বিষয় : ইতিহাস

**সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান : ৯০**

### ক - বিভাগ

**1. সঠিক উত্তরটি নির্বাচন করে বাক্যটি সম্পূর্ণ করো : 1 × 20 = 20**

1. জাতিসংঘের স্থায়ী আন্তর্জাতিক বিচারালয় যে শহরে অবস্থিত—
   (a) প্যারিসে (b) হেগ-এ (c) জেনেভায় (d) লন্ডনে
2. জার্মান রাশিয়ার কাছে চূড়ান্তভাবে পরাজিত হয়—
   (a) কিয়েভ-এর যুদ্ধে (b) মস্কোর যুদ্ধে (c) লেনিনগ্রাডের যুদ্ধে (d) রিগার যুদ্ধে
3. ‘শিল্পবিপ্লব’ কথাটি প্রথম ব্যবহার করেন—
   (a) জন স্টুয়ার্ট (b) অগাস্ত ব্লাঙ্কি (c) জন আব্রাহাম (d) কম্পটন
4. কোড নেপোলিয়নে ধারার সংখ্যা ছিল–
   (a) 2000টি (b) 2003টি (c) 2050টি (d) 2287টি
5. সম্মিলিত জাতিপুঞ্জের প্রতিষ্ঠা দিবস (UN Day) হল—
   (a) 1945 খ্রিস্টাব্দে (b) 1944 খ্রিস্টাব্দে (c) 1942 খ্রিস্টাব্দে (d) 1946 খ্রিস্টাব্দে
6. নভেম্বর বিপ্লব (1917 খ্রিঃ)-এ রাশিয়ায় সশস্ত্র বিপ্লবে লেনিনের সহযোগী ছিলেন—
   (a) স্ট্যালিন (b) কেরেনস্কি (c) ট্রটস্কি (d) জিনোভিয়েভ
7. 'সেফটি ল্যাম্প' আবিষ্কার করেন—
   (a) জন কে (b) জেমস ওয়াট (c) হামফ্রি ডেভি (d) জেমস হারগ্রিভস
8. মহামন্দার কালে আমেরিকার রাষ্ট্রপতি ছিলেন—
   (a) হার্ডিং (b) ক্যালভিন (c) কুলিজ (d) হাবার্ট হুভার
9. জার্মানিতে হিটলারের নেতৃত্বে কীসের উদ্ভব হয়েছিল?
   (a) সাম্যবাদ (b) ফ্যাসিবাদ (c) প্রজাতন্ত্র (d) নাৎসিবাদ
10. ফ্রান্সের বাইরে জুলাই বিপ্লবের প্রভাবে যে দেশে গণতন্ত্র ও জাতীয়তাবাদ সফল হয়েছিল—
    (a) গ্রিসে (b) বেলজিয়ামে (c) ব্রাজিলে (d) কোরিয়াতে
11. 'স্পেনীয় ক্ষতই আমাকে ধ্বংস করেছে'– উক্তিটি করেছেন—
    (a) রোমের পোপ (b) নেলসন ম্যান্ডেলা (c) সম্রাট নেপোলিয়ন (d) বুচার
12. 1792 খ্রিস্টাব্দের আগস্ট মাসে ফরাসি রাজাকে ক্ষমতাচ্যুত করে বন্দি করে রাখা হয়েছিল—
    (a) বাস্তিল দুর্গে (b) টুইলিয়িস প্রাসাদে (c) টেম্পল দুর্গে (d) আইনসভায়
13. ‘চোদ্দ দফা' শর্ত ঘোষণা করেন—
    (a) রুজভেল্ট (b) চার্চিল (c) উড্রো উইলসন (d) ব্রিয়াঁ
14. চিন সম্পর্কে ‘মুক্তদ্বার নীতি’ ঘোষণা করেছিল–

HAZARNOTES.COM

(a) ইংল্যান্ড (b) ফ্রান্স (c) মার্কিন যুক্তরাষ্ট্র (d) জার্মানি

15. ‘পার্সিয়ান লেটারস’ গ্রন্থের রচয়িতা—

(a) রুশো (b) ভলতেয়ার (c) মন্টেস্কু (d) ডিডেরো

16. টিলসিটের সন্ধি স্বাক্ষরিত হয়—

(a) ফ্রান্স ও রাশিয়ার মধ্যে (b) ফ্রান্স ও ইতালির মধ্যে (c) ফ্রান্স ও ইংল্যান্ডের মধ্যে (d) স্পেন ও ইংল্যান্ডের মধ্যে

17. চেম্বারলেন ছিলেন–

(a) ব্রিটিশ প্রধানমন্ত্রী (b) রুশ প্রধানমন্ত্রী (c) মার্কিন প্রেসিডেন্ট (d) ফরাসি প্রধানমন্ত্রী

18. ফ্রান্সে 'ইনটেনডেন্ট'গণ ছিলেন—

(a) সরকারি কর্মচারি (b) সঙ্গীত শিল্পী সংঘ (c) বে-সরকারি কর্মচারি (d) চুক্তিভিত্তিক বে-সরকারি কর্মচারি

19. নীলনদের যুদ্ধে নেপোলিয়ন যার কাছে পরাজিত হন—

(a) বুচার (b) নেলসন (c) ওয়েলিংটন (d) কর্নওয়ালিস

20. ফরাসি বিপ্লব হয়েছিল—

(a) 1779 খ্রিস্টাব্দে (b) 1780 খ্রিস্টাব্দে (c) 1752 খ্রিস্টাব্দে (d) 1789 খ্রিস্টাব্দে

## খ - বিভাগ

**2. একটি বাক্যে উত্তর দাও (যে-কোনো ছয়টি) : 1 × 6 = 6**

1. কোন্ আইন অনুসারে মার্কিন যুক্তরাষ্ট্র রাশিয়াকে প্রচুর সমরোপকরণ দেয়?
2. ইংল্যান্ডে কবে প্রথম রেলপথ চালু হয়?
3. নেপোলিয়ন বিরোধী স্পেনের জাতীয়তাবাদী আন্দোলনের বিদ্রোহী সংগঠন কী নামে পরিচিত?
4. শিল্প বিপ্লব কোথায় শুরু হয়?
5. মুসোলিনী কোন্ দলের নেতা ছিলেন?
6. দ্বিতীয় বিশ্বযুদ্ধ কবে শুরু হয়?
7. উড়ন্ত মাকু কে আবিষ্কার করেন?
8. কাকে মুক্তিদাতা জার বলা হয়?

**3. নিম্নলিখিত বক্তব্যগুলিকে যাচাই করে সত্য / মিথ্যা রূপে চিহ্নিত করো (যে-কোনো তিনটি) : 1 × 3 = 3**

1. জাতিসংঘের জন্ম 1920 খ্রিস্টাব্দের 10 জানুয়ারি।
2. প্রাশিয়ার নেতৃত্বে ফ্রান্সে শুল্ক সংঘ গড়ে ওঠে।
3. মন্টেস্কু বিপ্লবপূর্ব ফরাসি অর্থনীতিকে ‘ভ্রান্ত অর্থনীতির যাদুকর’ বলেছিলেন।
4. ভার্সাই চুক্তির অর্থনৈতিক শর্তগুলিতে জার্মানরা অত্যন্ত খুশি হয়েছিলেন।

**4. ক-স্তম্ভের সঙ্গে খ-স্তম্ভের সঠিক বিকল্পটি মিলিয়ে দাও। খ-স্তম্ভে একটি অতিরিক্ত বিকল্প রয়েছে : 1 × 4 = 4**

HAZARNOTES.COM

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| (a) মুদ্রণ যন্ত্র | (i) জেনেভা |
| (b) জার্মানি পরিতৃপ্ত দেশ | (ii) লিওনার্দো দা ভিঞ্চি |
| (c) জাতিসংঘের প্রধান কার্যালয় | (iii) অটো ভন বিসমার্ক |
| (d) দ্য লাস্ট সাপার | (iv) গুটেনবার্গ |
| | (v) পেত্রার্ক |

**5. (1) প্রশ্নপত্রের সঙ্গে প্রদত্ত ইউরোপের মানচিত্রে নিম্নলিখিত যে-কোনো তিনটি ঐতিহাসিক স্থান চিহ্নিত করো : 1 × 3 = 3**

**(a) প্রুশিয়া (b) লন্ডন (c) লিথুয়ানিয়া (d) অস্ট্রিয়া**

**অথবা**

**(2) শূন্যস্থান পূরণ করো (যে-কোনো তিনটি) : 1 × 3 = 3**

1. প্রথম আফিফের যুদ্ধ হয়েছিল _________ খ্রিস্টাব্দে। *[প্রশ্নানুসারে প্রথম আফিমের যুদ্ধ]*
2. ম্যারেঙ্গার যুদ্ধ হয়েছিল ফ্রান্সের সঙ্গে __________ এর।
3. রোবসপীয়র ছিলেন একজন ________ নেতা।
4. ফ্রান্সে বাধ্যতামূলক শ্রমকর ছিল ____________।

## গ - বিভাগ

**6. দু-তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো এগারোটি) : 2 × 11 = 22**

1. অ্যান্টি কমিন্টার্ন চুক্তি কী?
2. নিউ ডিল বা নব উদ্যোগ নীতি কী?
3. রবার্ট আওয়েন কে ছিলেন?
4. কোড নেপোলিয়নকে সমাজের বাইবেল বলা হয় কেন?
5. আটলান্টিক চার্টার (Atlantic Charter) কী?
6. কোন্ বৎসর জাপান পার্ল হারবার নৌঘাঁটি ধ্বংস করেছিল? দ্বিতীয় মহাযুদ্ধে জাপান কবে আত্মসমর্পণ করে?
7. ভাইমার প্রজাতন্ত্র কী?
8. ঠান্ডা লড়াই কী?
9. 'ভেটো' বলতে কী বোঝ?
10. নেপোলিয়নের অর্থনৈতিক সংস্কারের দুটি দিক উল্লেখ করো।
11. রাশিয়ার ভূমিদাসরা কেন প্রকৃত অর্থনৈতিক স্বাধীনতা পায়নি?
12. 'সম্মিলিত জাতিপুঞ্জ' কেন প্রতিষ্ঠিত হয়েছিল?
13. রক্ত ও লৌহ নীতি কী?

HAZARNOTES.COM

14. সামাজিক চুক্তি মতবাদ কী?

## ঘ - বিভাগ

**7. সাত-আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : 4 × 6 = 24**

1. টীকা লেখো : সেরাজেভো হত্যাকাণ্ড।

**অথবা**

শিল্পবিপ্লবের অগ্রগতি ও বিস্তারে রেলপথের ভূমিকা কী ছিল?

2. ফ্রান্সে ফেব্রুয়ারি বিপ্লবের গুরুত্ব ব্যাখ্যা করো।

**অথবা**

টীকা লেখো : কার্বোনারি আন্দোলন।

3. নেপোলিয়ন কর্তৃক ইটালি বিজয় ও তার পুনর্গঠন কীভাবে হয়েছিল?

**অথবা**

টীকা লেখো : নেপোলিয়ন ছিলেন বিপ্লবের সন্তান।

4. টেনিস কোর্টের শপথ কী?

**অথবা**

প্রাক্ বিপ্লব ফ্রান্সে যাজক সম্প্রদায় কী কী ভাবে সুবিধা ভোগ করত?

5. স্পেনের গৃহযুদ্ধের কারণগুলি চিহ্নিত করো।

**অথবা**

ভার্সাই চুক্তির অর্থনৈতিক শর্তাবলি সম্পর্কে কী জান?

6. দ্বিতীয় বিশ্বযুদ্ধের রাজনৈতিক প্রভাবগুলি উল্লেখ করো।

**অথবা**

হিটলারের বিদেশ নীতির প্রধান আদর্শগুলি ব্যাখ্যা করো।

HAZARNOTES.COM

## ঙ - বিভাগ

**8. পনেরো-ষোলোটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের যথাযথ উত্তর দাও : 8 × 1 = 8**

1. নেপোলিয়নের পতনের কারণগুলি বিবৃত করো। তাঁর পতনে ইংল্যান্ড ও রাশিয়ার ভূমিকা ব্যাখ্যা করো। (5 + 3)
2. ইতালির ঐক্য আন্দোলনে মাসিনি ও ক্যাভুরের ভূমিকা আলোচনা করো। (5 + 3)
3. মার্কিন যুক্তরাষ্ট্র দ্বিতীয় বিশ্বযুদ্ধে যোগদান করেছিল কেন? দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুদ্ধাস্ত্রের প্রকৌশলগত উন্নতির ভিত্তি সম্পর্কে আলোচনা করো। (5 + 3)

**অথবা**

হিটলারের বিদেশ নীতির প্রধান আদর্শগুলি ব্যাখ্যা করো। (8)

HAZARNOTES.COM — সর্বস্বত্ব সংরক্ষিত © ২০২৫

HAZARNOTES.COM